# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 01 May, 2025

যুক্তরাজ্যে ছেলের বাসায় চিকিৎসাধীন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া আগামী ৪ অথবা ৫ মে দেশে ফিরতে পারেন।তবে তার দেশে ফেরা নির্ভর করছে এয়ার অ্যাম্বুলেন্স পাওয়ার ওপর।এখনো এ সংক্রান্ত বিষয়টি চূড়ান্ত হয়নি।

পারিবারিক সূত্র জানিয়েছে, খালেদা জিয়ার সফরসঙ্গী হিসেবে থাকবেন বড় ছেলে তারেক রহমানের স্ত্রী ড. জোবাইদা রহমান, প্রয়াত আরাফাত রহমান কোকোর স্ত্রী সৈয়দা শামিলা রহমান, ব্যক্তিগত চিকিৎসক ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য ডা. এজেডএম জাহিদ হোসেন, উপদেষ্টা ড. মোহাম্মদ এনামুল হক চৌধুরী, গৃহকর্মী ফাতেমা বেগম এবং বিএনপি নেতা তাবিথ আউয়াল।

সূত্রটি আরও জানায়, ৪ মে’র মধ্যে কাতার থেকে এয়ার অ্যাম্বুলেন্স পাওয়া না গেলে বাংলাদেশ বিমানের নিয়মিত যাত্রীবাহী ফ্লাইটেই খালেদা জিয়াকে দেশে ফিরিয়ে আনার পরিকল্পনা রয়েছে।

এ বিষয়ে খালেদা জিয়ার ব্যক্তিগত চিকিৎসক ডা. জাহিদ হোসেন বলেন, “মে মাসের প্রথম সপ্তাহেই ম্যাডামকে দেশে নেওয়ার চেষ্টা চলছে। তার সঙ্গে থাকবেন পুত্রবধূ ড. জোবাইদা রহমানও।”

খালেদা জিয়া চিকিৎসা ড. জোবাইদা রহমান এয়ার অ্যাম্বুলেন্স

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 01:55

URL: https://www.timestodaybd.com/public/politics/7758071692